

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২৭৮৩

পরিচ্ছেদঃ ১. তৃতীয় অনুচ্ছেদ - উপার্জন করা এবং হালাল রুযী অবলম্বনের উপায় সন্ধান করা

আরবী

وَعَنْ رَافِعِ بْنِ خَدِيجٍ قَالَ: قِيلَ: يَا رَسُولَ اللَّهِ أَيُّ الْكَسْبِ أَطْيَبُ؟ قَالَ: «عَمَلُ الرَّجُلِ بِيَدِهِ وَكُلُّ بَيْعٍ مَبْرُورٍ» . رَوَاهُ أَحْمَدُ

বাংলা

২৭৮৩-[২৫] রাফি' ইবনু খাদীজ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, একবার জিজ্ঞেস করা হলো, হে আল্লাহর রসূল! কোন্ ধরনের উপার্জন সর্বোত্তম? তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বললেন, নিজের হাতের কাজ (কায়িক পরিশ্রমের কাজ) এবং প্রত্যেক সঠিক ক্রয়-বিক্রয়। (আহমাদ)[1]

ফুটনোট

[1] সহীহ লিগয়রিহী : আহমাদ ১৭২৬৫, সহীহাহ্ ৬০৭, সহীহ আত্ তারগীব ১৬৮৮, শু আবুল ঈমান ৮৩৬৭। হাদীসটি গ্রহণযোগ্য হওয়ার বিষয়ে শায়খ আলবানী (রহঃ) সিলসিলাহ্ আস্ সহীহাহ্-তে বিস্তারিত আলোচনা করেছেন।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (عَمَلُ الرَّجُلُ بِيَدِه) ''স্বীয় হস্তের কর্ম''। যেমন কৃষিকাজ, ব্যবসা, লেখা ও হস্তশিল্প- এ সবগুলোই স্বীয় হস্তের কর্ম। আর এ ধরনের কর্মের উপার্জিত অর্থ সর্বাধিক উত্তম।

(بَيْعٍ مَبْرُورٍ) "সঠিক ক্রয়-বিক্রয়" এর দ্বারা উদ্দেশ্য এমন ক্রয়-বিক্রয়, যার মধ্যে ধোঁকা-বিশ্বাস ভঙ্গ নেই। অথবা যে ক্রয়-বিক্রয় শারী'আতসম্মত, শারী'আত সমর্থন করে না এমন ক্রয়-বিক্রয় নয়। (মিরকাতুল মাফাতীহ)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ রাফি ইবন খাদীজ (রাঃ)



 ${\it \it O} \it Link-https://www.hadithbd.com/hadith/link/?id=68110$

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন